**সুইস কনফেডারেশনের প্রেসিডেন্টের ভারতে রাষ্ট্রীয় সফর**
**(৩০ অগস্ট- ১ সেপ্টেম্বর ২০১৭)**

১) মাননীয়া শ্রীমতি ডোরিস লুথার্ড, সুইস কনফেডারেশনের প্রেসিডেন্ট, ভারতে একটি রাষ্ট্রীয় সফর করবেন ৩০ অগস্ট- ১ সেপ্টেম্বর ২০১৭।

২) সুইস প্রেসিডেন্টের সফরসঙ্গী হবেন সরকারের উচ্চপদস্থ কর্মকর্তারা এবং সুইস সংস্থার একটি বড় বাণিজ্যিক প্রতিনিধি দল। সুইস প্রেসিডেন্ট এর আগে তিনবার ভারত সফর করেছিলেন, যথাক্রমে— ১৯৯৮, ২০০৩ এবং ২০০৭।

৩) সফরকালে সুইস প্রেসিডেন্ট বৈঠক করবেন রাষ্ট্রপতিজীর সঙ্গে এবং আলোচনায় মিলিত হবেন প্রধানমন্ত্রীর সঙ্গেও। ভারতের উপরাষ্ট্রপতি সাক্ষাৎ করবেন সুইস প্রেসিডেন্টের সঙ্গে। পররাষ্ট্রমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা আলাদা আলাদা ভাবে সাক্ষাৎ করবেন সুইস প্রেসিডেন্টের সঙ্গে।

৪) ভারত এবং সুইজারল্যান্ডের মধ্যে মজবুত অর্থনৈতিক বন্ধন বিদ্যমান, সুইজারল্যান্ড সপ্তম বৃহত্তম বাণিজ্যিক অংশীদার এবং একাদশতম বিদেশী লগ্নীকারক দেশ। বহু আন্তর্জাতিক বিষয় নিয়ে উভয় পক্ষ সহমত পোষণ করে। আসন্ন সফর উভয় দেশের পারস্পরিক স্বার্থজনিত দ্বিপাক্ষিক, আন্তর্জাতিক এবং আঞ্চলিক বিষয় নিয়ে আরও বিস্তৃত আলোচনার সুযোগ করে দেবে।

**নয়াদিল্লি**

**অগস্ট ২৮, ২০১৭**